

স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০০৪.৮৭.০০৪.১৮

তারিখ: ০৫ নভেম্বর, ২০১৮

বিষয়: জাতীয় তথ্য বাতায়নের আওতায় মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার তথ্য বাতায়নের প্রশিক্ষণে প্রশিক্ষনার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ে সবিনয় জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহায়তায় একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রকল্প সকল মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থা এবং এর আওতাধীন সরকারি অফিসের তথ্য বাতায়ন প্রস্তুত ও বাস্তবায়ন করছে। ইতিমধ্যে তথ্য বাতায়নে নতুন ফিচার এবং নতুন সুবিধা যুক্ত হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আর্থিক ব্যবস্থাপনায় এবং এটুআই এর কারিগরি সহায়তায় তথ্য বাতায়নের নতুন ফিচার ও সুবিধা সম্পর্কে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। আগামী ১৮ নভেম্বর ২০১৮ তারিখ প্রতিদিন সকাল ০৯.০০-বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ডিওআইসিটি), ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে-বাংলানগর, ঢাকা-১২০৭ প্রশিক্ষণ ল্যাবে (১১ তলা, রুম নম্বর-১১৩৩) প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে তথ্য বাতায়ন হালনাগাদের সাথে সংশ্লিষ্ট সহকারি সচিব/সিনিয়র সহকারি সচিব/উপসচিব/সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারি প্রোগ্রামারের মধ্য হতে ০২ (দুই) জন কর্মকর্তা মনোনয়ন প্রয়োজন।

২। প্রশিক্ষণ চলাকালেই মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার তথ্য বাতায়নের নতুন ফিচারে তথ্য সমৃদ্ধ করার কৌশল হাতে-কলমে শিখিয়ে দেয়া হবে। তথ্য বাতায়নের প্রশিক্ষণ শুরুর পূর্বেই মনোনীত কর্মকর্তাদের পোর্টালে প্রয়োজনীয় তথ্য সংযোজনের জন্য বাংলা ও ইংরেজিতে তথ্য সংগ্রহ করতে হবে এবং প্রশিক্ষণের সময় এর সফটকপি সঙ্গে আনতে হবে।


৩। এমতাবস্থায়, আগামী ১৮ নভেম্বর হতে ২০ নভেম্বর তারিখে অনুষ্ঠিত তথ্য বাতায়নের প্রশিক্ষণে তথ্য বাতায়ন হালনাগাদকরণের সাথে সংশ্লিষ্ট দু'জন কর্মকর্তা মনোনয়ন প্রদানের জন্য সবিনয় অনুরোধ করছি। মনোনয়ন পত্রটি doulutuzzamankhan@gmail.com এবং shishir.ranjan@a2i.gov.bd এই ইমেইল ঠিকানায় পাঠানোর জন্য অনুরোধ করছি।

প্রাপক,

ব্যবস্থাপনা পরিচালক,

বড়পুকুরিয়া কোমল হাটনিং

কোম্পানী লিমিটেড



 মোঃ দৌলতুজ্জামান খান (উপসচিব)
 ই-সার্ভিস স্পেশালিস্ট

একসেস টু ইনফরমেশন প্রকল্প (এটুআই), আইসিটি বিভাগ, ঢাকা।

ফোন : +৮৮০২ ৯১৮৩৪৫৭, EX: ২৩২, ৩২২, ১৩৩

ইমেইল: doulutuzzamankhan@gmail.com

যোগাযোগ:

১। জনাব মোঃ শামীম রেজা, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।

মোবাইল : +৮৮০১৭২৪৪৮৮২৮, ই-মেইল : shamim.doict@gmail.com

২। জনাব শিশির রঞ্জন রায়, ন্যাশনাল কনসালটেন্ট (এমআইএস/আইসিটি), এটুআই।

মোবাইল : +৮৮০১৭৮৬২৬৬০৮৭, ই-মেইল : shishir.ranjan@a2i.gov.bd